

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১০২/২০২২-২০২৩
ময়মনসিংহ, ৩১ জানুয়ারি, মঙ্গলবার ২০২৩, ১৭ মাঘ ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। স্মার্ট নাগরিক গড়তে হলে প্রয়োজন স্মার্ট শিক্ষা- শিক্ষামন্ত্রী
- ০২। ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনায় নতুন দিগন্ত
- ০৩। নগরীর শীতাত্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র
- ০৪। ময়মনসিংহ জেলা পুলিশ অফিস বার্ষিক পরিদর্শনে রেঞ্জ ডিআইজি
- ০৫। ময়মনসিংহ জেলা আইনজীবী সমিতির নির্বাচন অনুষ্ঠিত

০১। স্মার্ট নাগরিক গড়তে হলে প্রয়োজন স্মার্ট শিক্ষা- শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী দীপু মনি বলেছেন, শিক্ষাব্যবস্থার উন্নয়ন ছাড়া স্মার্ট বাংলাদেশ গড়া সম্ভব নয়। স্মার্ট নাগরিক গড়তে হলে প্রয়োজন স্মার্ট শিক্ষা। সোমবার (৩০ জানুয়ারি) দুপুরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কাজী নজরুল ইসলাম মিলনায়তনে কৃতি শিক্ষার্থীদের স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক আজকের ময়মনসিংহ, আজকের বাংলাদেশ, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক দিনের পালা, দৈনিক হৃদয়ের বাংলা, দৈনিক নবকল্যাণ।

০২। ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনায় নতুন দিগন্ত

নগরী পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখতে এবং আধুনিক নগরী গড়তে মেডিকেল ও বাসাবাড়ির বর্জ্য ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ কিছু কার্যক্রম গ্রহণ করেছে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ। বর্জ্য ব্যবস্থাপনায় সোমবার (৩০ জানুয়ারি) দুপুরে নগরীর শত্ৰুগঞ্জের চর ঈশ্বরদিয়া ড্যাম্পিং স্টেশনে মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনায় একটি ট্রিটমেন্ট প্ল্যান্ট এর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। ঐদিন আয়োজিত এক অনুষ্ঠানে এ ভিত্তিপ্রস্তরের ফলক উন্মোচন করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু। এ সময় তিনি ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকার ১৩টি ওয়ার্ডের বাসাবাড়ির বর্জ্য সংগ্রহে ক্লিন সিটি ময়মনসিংহ নামক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তিও স্বাক্ষর করেন। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক সবুজ, আজকের বাংলাদেশ, দৈনিক নিউ টাইমস, দৈনিক ঈষিকা, দৈনিক দেশের খবর, দৈনিক নবকল্যাণ, দৈনিক আজকের খবর, দৈনিক দিনের পালা ও দৈনিক হৃদয়ের বাংলা।

০৩। নগরীর শীতাত্ত মানুষের মাঝে কঞ্চল বিতরণ করেছেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র

সোমবার (৩০ জানুয়ারি) বিকেলে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উদ্যোগে এডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে নগরীর ৩,৫,৭ এবং ১০নং ওয়ার্ডের অসহায় শীতাত্ত ১ হাজার মানুষের মাঝে কঞ্চল বিতরণ করেছেন সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু। এসময় মেয়র সিটি কর্পোরেশন সুখে দুঃখে নগরবাসীর পাশে আছে বলে উল্লেখ করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক আজকের ময়মনসিংহ, আজকের বাংলাদেশ, দৈনিক নিউ টাইমস, দৈনিক ঈষিকা, দৈনিক দেশের খবর ও দৈনিক নবকল্যাণ।

০৪। ময়মনসিংহ জেলা পুলিশ অফিস বার্ষিক পরিদর্শনে রেঞ্জ ডিআইজি

ময়মনসিংহ জেলা পুলিশ অফিস সোমবার (৩০ জানুয়ারি) বার্ষিক পরিদর্শন করেছেন ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি দেবদাস ভট্টাচার্য্য। পরিদর্শনকালে ময়মনসিংহ পুলিশ সুপার মাছুম আহমেদ ভূঞাসহ জেলা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিনের পালা, দৈনিক হৃদয়ের বাংলা।

০৫। ময়মনসিংহ জেলা আইনজীবী সমিতির নির্বাচন অনুষ্ঠিত

উৎসবমুখর ও আনন্দঘন পরিবেশে ময়মনসিংহ জেলা আইনজীবী সমিতির নির্বাচন-২০২৩ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। রবিবার (২৯ জানুয়ারি) সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত সমিতির কার্যালয়ে গোপন ব্যালটে অনুষ্ঠিত ভোটের ফল গণনা ঐদিন রাত ৮টা থেকে শুরু হয়ে শেষ রাত অবধি গণনা শেষে সংশ্লিষ্ট নির্বাচন কমিশন বেসরকারি ফলাফল ঘোষণা করে। বেসরকারি ফলাফল অনুযায়ী আইনজীবী সমিতির সভাপতি পদে এডভোকেট মোয়াজ্জেম হোসেন বাবুল এবং সাধারণ সম্পাদক পদে মো. আবুল কালাম নিরঞ্জুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে নির্বাচিত হয়েছেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস, দৈনিক ঈষিকা, দৈনিক দেশের খবর, দৈনিক আজকের খবর, দৈনিক দিনের পালা, ও দৈনিক হৃদয়ের বাংলা।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বজন:** রাজধানীতে গ্যাসের সংকট কাটছে না। এতে নাগরিক জীবন চরমভাবে ব্যাহত হচ্ছে। গ্যাসের সংকট উত্তরনে নতুন নতুন কূপ অনুসন্ধান ও খনন করে গ্যাসের মজুত বাড়াতে হবে। সর্বোপরি গ্যাসের সশ্রয়ী ও সুপরিকল্পিত ব্যবহার নিশ্চিত করতে হবে।
- (খ) **দৈনিক আজকের ময়মনসিংহ:** রাজধানী ঢাকায় বায়ুদূষণের মাত্রা মারাত্মক আকার ধারণ করেছে। পরিবেশ দূষণ ও পরিবেশ সংরক্ষণ বর্তমান সময়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ ইস্যু। সর্বোপরি পরিবেশ দূষণ প্রতিরোধে পরিবেশ সংরক্ষণ আইনের যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করতে পরিবেশ অধিদপ্তরকে কার্যকর ব্যবস্থা নিতে হবে।
- (গ) **দৈনিক নিউ টাইমস:** লাগামহীন দুর্নীতি ও অনিয়ম সাধারণ মানুষের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার খর্ব করেছে। দুর্নীতির কুফল সম্পর্কে অবহিতকরণ ও এর বিরুদ্ধে রুখে দাঁড়ানো জরুরি।
- (ঘ) **দৈনিক স্বদেশ সংবাদ:** উন্নত জীবনের স্বপ্নে অবৈধভাবে পাচার হচ্ছে দুর্যোগকবলিত মানুষ। তাই রাষ্ট্রীয় সহায়তার পাশাপাশি মানব পাচারের বিপদ সম্পর্কে মানুষের সচেতনতা বাড়াতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। উন্নয়ন ও স্থিতিশীলতা বিনষ্ট করা যাবে না- আহমেদ আমিনুল ইসলাম (দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০২। অগ্রগতি ও প্রগতির শেকড়ের শক্তি- অধ্যাপক ড. মো. নাছিম আখতার (দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক দিনের পালা)
- ০৩। শিক্ষানীতি পরির্তন ও শিক্ষার্থীদের ওপর প্রভাব- রতন দেবনাথ (দৈনিক সবুজ, দৈনিক দেশের খবর)
- ০৪। জলাশয়গুলো রক্ষা করতে হবে- ড. ইফতেখার উদ্দিন চৌধুরী (দৈনিক নিউ টাইমস, দৈনিক ঈষিকা, দৈনিক দেশের খবর, দৈনিক হৃদয়ের বাংলা)

#